



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ০২৯

বঙ্গবন্ধু সততা ও নিষ্ঠার অনুকরণীয় আদর্শ

--- খাদ্যমন্ত্রী

রাজশাহী; ৩০ শ্রাবণ (১৪ আগস্ট):

উন্নত সমৃদ্ধ সোনার বাংলা গড়তে শিক্ষার্থীদের দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে বঙ্গবন্ধুর সততা ও নিষ্ঠার অনুকরণীয় আদর্শ হওয়ার আহ্বান জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

আজ সোমবার দুপুরে নওগাঁর পোরশা উপজেলা পরিষদ মিলনায়তনে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য এলাকা ব্যতীত) কর্মসূচির আওতায় বাইসাইকেল, শিক্ষা উপবৃত্তি ও শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

খাদ্যমন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করলে জীবনে প্রতিষ্ঠিত হতে পারবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জেল-জুলুম উপেক্ষা করে দেশের মানুষের জন্য কাজ করেছেন। বঙ্গবন্ধু সততা ও নিষ্ঠার অনুকরণীয় আদর্শ। শিক্ষার্থীদের তিনি বঙ্গবন্ধুর আদর্শ অনুসরণ করে জীবন গড়ার পরামর্শ দেন।

সাধন চন্দ্র মজুমদার বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের স্বাধীনতা দিয়ে গেছেন। বিশ্বে আজ বাঙালি জাতি হিসাবে মাথা উচু করে দাঁড়িয়েছে। ৭৫'র ১৫ আগস্ট বঙ্গবন্ধু হত্যাকাণ্ড আমাদের স্বাধীনতার ওপর বড় আঘাত। সেই ধারাবাহিকতায় জেলখানায় জাতীয় চার নেতাকে হত্যার মাধ্যমে স্বাধীনতাবিরোধীরা বাঙালির ভাগ্য নিয়ে ছেলে খেলায় মেতে ওঠে। দায়মুক্তির মাধ্যমে হত্যাকাণ্ডের বিচারের পথ রুদ্ধ করে। উল্টো তারা প্রতিবাদকারীদের শাস্তি দেয়।

তিনি বলেন, বিএনপি দেশের কোনো উন্নয়ন করেনি, তাদের সময়ে কোনো উন্নয়ন হয়নি। আগুনসন্ত্রাস করেছে তারা। অপর দিকে ঘরে ঘরে বিদ্যুৎ দিয়েছেন শেখ হাসিনা। মডেল মসজিদ ও সাংস্কৃতিক কেন্দ্র তৈরি করেছেন তিনি। ধনী-গরিব সকলকে বিনামূল্যে করোনার ভ্যাক্সিন দিয়েছেন। বিশ্বের কাছে উন্নয়নের রোল মডেল করেছেন বাংলাদেশকে। কোমলমতি শিশুরা এখন বছরের প্রথম দিন নতুন বই পায়। মাটির ঘরের বিদ্যালয়গুলো এখন পাঁকা বিল্ডিংয়ে পরিণত হয়েছে। শিক্ষার্থীদের হাতে ট্যাব তুলে দেওয়া হচ্ছে। মেধাবী শিক্ষার্থীরা স্মার্ট বাংলাদেশ গড়বেন বলে এ সময় আশাবাদ ব্যক্ত করেন মন্ত্রী।

উপজেলা নির্বাহী অফিসার সালমা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে উপজেলা চেয়ারম্যান শাহ মঞ্জুর মোর্শেদ চৌধুরী, ভাইস চেয়ারম্যান কাজিবুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডা. তৌফিক রেজা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো: আব্দুস সালাম ও নিতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এনামুল হক বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে ৩৫টি বাইসাইকেল ও ১১০ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপবৃত্তি ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

পরে এসএসসিতে জিপিএ ৫ প্রাপ্ত ৬৬ জন শিক্ষার্থীর হাতে সনদ ও ক্রেস্ট তুলে দেয়া হয়।

.....  
কামাল/তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৭.০০ঘ.

